

তারিখ : 21/11/2016

ওভারড্রাফ্ট / ক্যাশ ক্রেডিট অ্যাকাউন্টে নগদ টাকা তোলায় উর্ধ্বসীমা

RBI/2016-17/142  
DCM (Plg) No.1317/10.27.00/2016-17

November 21, 2016

চেয়ারম্যান / প্রাবন্ধিক নির্দেশক/ মুখ্য কার্যনির্বাহী আধিকারিক,  
রাষ্ট্রায়ত্ত (সরকারি) ব্যাঙ্ক সমূহ/ প্রাইভেট সেক্টর (বেসরকারি) ব্যাঙ্ক সমূহ / বিদেশি ব্যাঙ্ক সমূহ /  
আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্ক সমূহ / শহরাঞ্চলিক সমবায় ব্যাঙ্ক সমূহ /  
রাজ্য সমবায় ব্যাঙ্ক সমূহ / জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক সমূহ

মহাশয়া /প্রিয় মহাশয়,

বিশেষভাবে উল্লেখিত ব্যাংক নোট (SBN)-এর আইনগত পেশযোগ্যতা প্রত্যাহার - নগদ টাকা তোলায়  
উর্ধ্বসীমা

অনুগ্রহ করে আমাদের নভেম্বর 14, 2016 তারিখাঙ্কিত **Circular No. DCM (Plg) No.1274/10.27.00/2016-17-**  
এর অনুচ্ছেদ (i)- অতিরিক্ত সুবিধাদি দেখুন যার শর্তানুসারে কারেন্ট অ্যাকাউন্ট ধারকগণ (শেষ তিন মাস বা তার বেশী  
মেয়াদকাল যাবৎ ক্রিয়াশীল থাকা কারেন্ট অ্যাকাউন্টের ক্ষেত্রে প্রযোজ্য) সপ্তাহে ₹ 50000 পর্যন্ত রাশি নগদে প্রত্যাহার  
করার জন্য অনুমতিপ্রাপ্ত। সমীক্ষার পর এই সুবিধাটি ওভারড্রাফট এবং ক্যাশ ক্রেডিট অ্যাকাউন্টের ক্ষেত্রেও প্রদান করার  
সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। তদনুসারে, যেসকল কারেন্ট/ ওভারড্রাফট/ ক্যাশ ক্রেডিট অ্যাকাউন্ট শেষ তিন মাস বা তার  
বেশী মেয়াদকাল যাবৎ ক্রিয়াশীল সেগুলির ধারকগণ এখন সপ্তাহে ₹ 50000 পর্যন্ত রাশি নগদে প্রত্যাহার করতে পারেন।  
সাপ্তাহিক প্রত্যাহার রাশির এই বর্ধিত সীমা ব্যক্তিগত ওভারড্রাফট অ্যাকাউন্টগুলির জন্য প্রযোজ্য নয়।

2. এরূপ রাশি-প্রত্যাহারগুলির ক্ষেত্রে মূলতঃ ₹ 2000 মূল্যমানের ব্যাঙ্ক নোট বন্টন করতে হবে।

আপনার বিশ্বস্ত,

(সুমন রায়)

মহাপ্রবন্ধক